গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর-৯৩

## বগুড়ায় টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন উপলক্ষে গণমাধ্যমকর্মীদের অংশগ্রহণে পরামর্শ সভা অনুষ্ঠিত

রাজশাহী; ২১ আশ্বিন (৬ অক্টোবর):

বগুড়া জেলা তথ্য অফিসের আয়োজনে এবং জেলা প্রশাসন ও ইউনিসেফ এর সহযোগিতায় জেলা প্রশাসকের সম্মেলনকক্ষে আজ সোমবার (০৬ অক্টোবর) সকালে টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন-২০২৫ উপলক্ষে গণমাধ্যমকর্মীদের সমন্বয়ে জেলা পর্যায়ে এক পরামর্শ সভা অনুষ্ঠিত হয়েছে।

বগুড়া জেলা প্রশাসক হোসনা আফরোজা এর সভাপতিত্বে সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য দেন পুলিশ সুপার মো. জেদান আল মুসা, সিভিল সার্জন ডা. মো. খুরশীদ আলম, গণযোগাযোগ অধিদপ্তরের উপপরিচালক মো. রিয়াদুল ইসলাম, ইউনিসেফের নিউট্রিশন অফিসার মো. শহিদুল হাসান, প্রেসক্লাব সভাপতি রেজাউল হক রানু।

বগুড়া ডেপুটি সিভিল সার্জন ডা. মো. নুর-ই-শাদীদ টাইফয়েড টিকাদান ক্যাম্পেইন বিষয়ে এবং টাইফয়েড এর ক্ষতিকর বিভিন্ন দিক তুলে ধরে পাওয়ার পয়েন্ট উপস্থাপনা করেন। বগুড়া সিভিল সার্জন সাংবাদিকদের টিকাদান ক্যাম্পেইন এবং টিকার গুরুত্ব বিষয়ে বিভিন্ন প্রশ্নের জবাব দেন।

জনসাধারণ যাতে কোনো রকম গুজবে বা অপপ্রচারে কর্ণপাত না করে টিকাদানে উদ্বুদ্ধ হয় সে বিষয়ে জেলা প্রশাসক গণমাধ্যমকর্মীদের নিকট থেকে সহযোগিতা কামনা করেন এবং দুর্গম ও টার্গেট গ্রুপকে কীভাবে টিকার আওতায় আনা যায় সে বিষয়ে পরামর্শ কামনা করেন।

বগুড়া জেলা তথ্য অফিসের সিনিয়র তথ্য অফিসার মুহা. মাহফুজার রহমান সভায় স্বাগত বক্তব্য প্রদান করেন।

.....................................................................
রুহুল/তৌহিদ/আতিক/স্মিতা/আলীম/হালিম/২০২৫/১৭:৩০ঘ.